গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.pressinform.gov.bd

নম্বর: ১৫.৫২.০০০০.০১১.১৮.২৬৩.১৬-২৭৭৪ তারিখ: ২৬.০৫.২০২৫

**অফিস আদেশ**

যেহেতু, তথ্য অধিদফতরের জনাব মিজানুর রহমান, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর পদে দায়িত্বে থাকাকালীন গত ১৪ অক্টোবর ২০২৪ তারিখের স্মারক নং- ১৫.৫২.০০০০.০১১.১৮.২৬৩.১৬-৭৩২ মোতাবেক অসুস্থতাজনিত কারণে ০১ সেপ্টেম্বর ২০২৪ তারিখ হতে ২৬ সেপ্টেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত ২৬ (ছাব্বিশ) দিনের পূর্ণ গড় বেতনে অর্জিত ছুটি ভোগ করেন। অর্জিত ছুটি শেষে কর্মস্থলে যোগদান না করে ২৭ সেপ্টেম্বর ২০২৪ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, তার স্থায়ী ঠিকানায় তথ্য অধিদফতরের ২২.১০.০২৪ তারিখের ১৫.৫২.০০০০.০১১.১৮.২৬৩.১৬-৮৩২ নম্বর স্মারকে প্রথম কারণ দর্শানো নোটিশ ও ০১.০১.২০২৫ তারিখের ১৫.৫২.০০০০.০১১.১৮.২৬৩.১৬-১৪৬১ নম্বর স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং ২৪.০৩.০২৫ তারিখের ১৫.৫২.০০০০.০১১.১৮.২৬৩.১৬-২২৮০ নং স্মারকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়। তিনি উক্ত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব প্রদান করলেও ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করেননি। এছাড়াও তদন্ত কমিটি একাধিকবার ব্যক্তিগত শুনানিতে আহ্বান করা সত্ত্বেও তিনি শুনানিতে উপস্থিত হননি;

যেহেতু, তার উক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' (misconduct) ও 'পলায়ন' (desertion)-এর শাস্তিযোগ্য অপরাধ। বিধায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য এ অধিদফতরের ৩০.০১.২০২৫ তারিখের ১৫.৫২.০০০০.০১১.১৮.২৬৩.১৬-১৮০৭ নম্বর পত্রের মাধ্যমে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' (misconduct) ও 'পলায়ন' (desertion)-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে সর্বসম্মতিক্রমে তদন্ত কমিটির সদস্যগণ তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেছেন; এবং

যেহেতু, জনাব মিজানুর রহমান, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (সাময়িক বরখাস্তকৃত) তথ্য অধিদফতর, ঢাকা অননুমোদিতভাবে একাধারে ৬০ (ষাট) দিনের অধিক সময় কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন, প্রথম কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেননি এবং একাধিকবার ব্যক্তিগত শুনানিতে আহ্বান করা সত্ত্বেও তিনি শুনানিতে উপস্থিত হননি বিধায় তাকে সরকারি "চাকুরি হতে অপসারণ" (Removal from Service) গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব মিজানুর রহমান, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (সাময়িক বরখাস্তকৃত) তথ্য অধিদফতর, ঢাকা-এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলার অভিযোগ, প্রাসঙ্গিক বিষয়সমূহ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' (misconduct) ও 'পলায়ন' (desertion) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে উক্ত অপরাধে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ উপ-বিধি ৩(গ) অনুযায়ী সরকারি "চাকুরি হতে অপসারণ" (Removal from Service) গুরুদন্ড প্রদান করা হলো।

এ আদেশ জনাব মিজানুর রহমান, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (সাময়িক বরখাস্তকৃত) তথ্য অধিদফতর, ঢাকা এর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২৭ সেপ্টেম্বর ২০২৪ খ্রি. হতে কার্যকর হবে।

মো: নিজামুল কবীর
প্রধান তথ্য অফিসার (চলতি দায়িত্ব)
ফোন: ৫৫১০০৮১১
ই-মেইল: pio@pressinform.gov.bd

চলমান পাতা-০২

নম্বর: ১৫.৫২.০০০০.০১১.১৮.২৬৩.১৬-২৭৭৪ তারিখ: ২৮.০৫.২০২৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস), তথ্য অধিদফতর, ঢাকা।

০২। উপপ্রধান তথ্য অফিসার (সকল),তথ্য অধিদফতর, ঢাকা।

০৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়), হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫। ওয়েব এডমিন, তথ্য অধিদফতর, ঢাকা (তথ্য অধিদফতরের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

০৬। প্রধান তথ্য অফিসার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা।

০৭। জনাব মিজানুর রহমান, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (অপসারণকৃত), তথ্য অধিদফতর, ঢাকা, (স্থায়ী ঠিকানা: গ্রাম: বিয়ারা, পোস্ট: গাঙ্গাইল-২২৯১, থানা/উপজেলা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ)।

০৮। হিসাব শাখা, তথ্য অধিদফতর, ঢাকা।

০৯। সংশ্লিষ্ট নথি।

Mzaman
২৮/০৫/২০২৫

মো: মনিরুজ্জামান খান
সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন)
ফোন: ৫৫১০০৬০০
ই-মেইল: monir.ecs@gmail.com